

নং-৩৩.০০.০০০০.১০৮.৩০.০৩৮.২৪.১০১৮

তারিখ : ১২ কার্তিক ১৪৩১
২৮ অক্টোবর ২০২৪

“অকেজো মালামাল নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি”

প্রতিসেট সিডিউলের মূল্য = ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অকেজো মালামাল “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/অগ্রহী ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	অকেজো মালামালের বিবরণ	পরিমাণ	সংরক্ষিত মূল্য (মোট মূল্য)	দরদাতা কর্তৃক পূরণ করতে হবে মালামালের মূল্য অংকে ও কথায় লিখতে হবে	
				মোট মূল্য	কথায়
১.	স্টীলের আলমিরা	১৩টি	২৮,৬০০/-		
২.	সাধারণ চেয়ার	১৫টি	৬,০০০/-		
৩.	রিভলবিং চেয়ার	৫টি	২,৫০০/-		
৪	কাঠের চেয়ার (হাতল)	৩টি	১,০৫০/-		
৫.	কম্পিউটার টেবিল (পার্টিকেল বোর্ড নির্মিত)	১টি	৫০/-		
৬.	সাইড র‍্যাক (পার্টিকেল বোর্ড নির্মিত)	২টি	১০০/-		
৭.	সোফা ২ সিটের	২টি	২,২০০/-		
৮.	সোফা ১ সিটের	৪টি	৩,২০০/-		
৯.	টি টেবিল (পার্টিকেল বোর্ড নির্মিত)	১টি	৫০/-		
		মোট=	৪৩,৭৫০/-		

দরপত্র দাখিলের শর্তাবলী :-

- ০৩/১১/২০২৪ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালিন (সরকারি ছুটির দিন ব্যতীত) সময়ে মালামাল পরিদর্শন করা যাবে।
- ০৩/১১/২০২৪ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালিন (সরকারি ছুটির দিন ব্যতীত) সময়ে যুগ্মসচিব (প্রশাসন), কক্ষ নং-৫২৩, ভবন নং-৬, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা হতে সিডিউল সংগ্রহ করা যাবে।
- দরপত্র দাখিলের শেষ সময় : ০৩/১১/২০২৪ তারিখ, বেলা ১১.৩০ ঘটিকা।
- দরপত্র খোলার সময় : ০৩/১১/২০২৪ তারিখ, বেলা ১২.০০ ঘটিকা।
- মালামাল পরিদর্শন এবং যে কোন তথ্যের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখা (কক্ষ নং-৫২৩, ভবন-৬, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এর সাথে যোগাযোগ করা যাবে।
- যুগ্মসচিব (প্রশাসন), কক্ষ নং-৫২৩, ভবন নং-৬, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -এ রক্ষিত বাঞ্ছিত দরপত্র দাখিল করতে হবে।
- ০৩/১১/২০২৪ তারিখ বেলা ১২.০০ ঘটিকায়, কক্ষ নং-৫২৩, ভবন নং-৬, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এ দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- সিডিউলে বর্ণিত মোট মূল্য অংকে ও কথায় পৃথকভাবে উল্লেখ করতে হবে। কোন কাটা/ছেড়া, ওভাররাইটিং করা দরপত্র গ্রহণযোগ্য হবে না। সিডিউলের প্রতিটি পাতায় দরদাতার স্বাক্ষর ও তারিখ থাকতে হবে।
- কৃতকার্য দরদাতা মালামালের মূল্য, বিধি মোতাবেক উদ্ধৃত মূল্যের উৎস কর এবং ভ্যাটের টাকাসহ ট্রেজারী চালানের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নির্ধারিত কোডে জমা দেয়ার পর চালান যাচাই সাপেক্ষে অকেজো মালামাল গ্রহণের আদেশ জারি করা হবে। উৎস কর এবং ভ্যাট সরকার বৃদ্ধি করলে বর্ধিত হারে তা প্রযোজ্য হবে।